

জেলা পরিষদ
বগুড়া।
zp.bogra.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

খেয়াঘাট/লাট পুনঃইজারা বিজ্ঞপ্তি নং- খেয়াঘাট-০২/২০২১-২০২২ ইং।

স্মারক নং- ৪৬.০০.১০০০.০০১.৪৭.০০১.২১.

২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।
তারিখঃ ০৪ এপ্রিল '২০২২ খ্রিস্টাব্দ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত খেয়াঘাট/খেয়াঘাট সমূহ বাংলা ১৪২৯ সনের দরপত্র অনুমোদনের তারিখ হতে বাংলা ১৪২৯ সনের ৩০ শে চৈত্র (ইংরেজী ২০২২ সালের দরপত্র অনুমোদনের তারিখ হতে ১৩ এপ্রিল ২০২৩) পর্যন্ত প্রায় ০১(এক) বছর মেয়াদে অস্থায়ী ইজারা দেয়া হবে। ইজারা দরপত্র সমূহ (১) জেলা পরিষদ কার্যালয়, বগুড়া, (২) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (৩) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, বগুড়া ও (৪) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সংশ্লিষ্ট উপজেলা), বগুড়া অফিস হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। বিস্তারিত তথ্য ও শর্তাবলী জেলা পরিষদ অফিস হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে (উল্লেখ্য, দরপত্রের সাথে অতিরিক্ত শর্তাবলী সংযুক্ত রয়েছে)।

০১.	ইজারা দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়- ৬ষ্ঠ বার হতে ১০ম বার পর্যন্তঃ যথাক্রমে ১৯-০৪-২০২২, ১০-০৫-২০২২, ২৪-০৫-২০২২, ০৬-০৬-২০২২ ও ২০-০৬-২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়। ইজারা দরপত্র দাখিলের তারিখ ও সময় - যথাক্রমে ২০-০৪-২০২২, ১১-০৫-২০২২, ২৫-০৫-২০২২, ০৭-০৬-২০২২ ও ২১-০৬-২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত। ইজারা দরপত্র খোলার তারিখ ও সময় - যথাক্রমে ২০-০৪-২০২২, ১১-০৫-২০২২, ২৫-০৫-২০২২, ০৭-০৬-২০২২ ও ২১-০৬-২০২২ খ্রিঃ তারিখ বিকেল ৪:০০ টায়।	
০২.	খেয়াঘাট/লাট ইজারার বিবরণঃ	
প্যাকেজ	খেয়াঘাট/লাটের নাম সমূহ	সিডিউল মূল্য
জেপব/ ২০২১-২২ *০১-১৩	৩য় শ্রেণীঃ (১) ডোমকান্দী (২) নিশ্চিন্তপুর (৩) বলাইল (৪) বরুণবাড়ী (৫) ভেলকা (৬) হলিদাবগা (৭) আনন্দগঞ্জ (৮) নিমগাছি (৯) ধামাচামা (১০) চাপড়া (১১) বেড়েরবাড়ী (১২) পেটীবাড়ী (১৩) ছাগলধরা খেয়াঘাট।	৫০০/-
০৩.	বিশেষ নির্দেশনাঃ ৬ষ্ঠ বার দরপত্র দাখিলের পর যে সকল খেয়াঘাট পুনঃ দরপত্র গ্রহণের জন্য উন্মুক্ত থাকবে তার তালিকা এ জেলা পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে এবং স্থানীয় ভাবে তার প্রচার চালানো হবে। একই পদ্ধতিতে ৭ম ও ১০ম বার দরপত্র দাখিলের সময় ও তারিখ নির্ধারিত থাকবে তজ্জন্য প্রতিকায় পৃথকভাবে কোন ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।	

- (ক) বাংলা ১৪২৯ সনের দরপত্র অনুমোদনের তারিখ হতে বাংলা ১৪২৯ সনের ৩০ শে চৈত্র (ইংরেজী ২০২২ সালের দরপত্র অনুমোদনের তারিখ হতে ১৩ এপ্রিল ২০২৩) পর্যন্ত প্রায় ১(এক) বছর মেয়াদে খেয়াঘাট/লাট অস্থায়ী ভিত্তিতে ইজারা বন্দোবস্তের লক্ষ্যে বগুড়া জেলা পরিষদের নির্ধারিত ফরমে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা হচ্ছে।
- (খ) ঘাটের অনুকূলে দাখিলকৃত/উদ্ধৃত দরের ১০০% টাকা সিডিউলভুক্ত বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখা হইতে বি-ডি/সি-ডি/পে-অর্ডার (MICR) আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া এর বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- (গ) দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ৫% আয়কর হিসাবে মোট ২০% বি-ডি/সি-ডি/পে-অর্ডার (MICR) আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া এর বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- (ঘ) আত্মীয় দরদাতাগণ অন্যান্য বিষয়ে বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ কার্যালয় হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত জানতে পারবেন।
- (ঙ) খেয়াঘাট/লাট ইজারার শর্তাবলী ও নিয়মাবলী জেলা পরিষদ, বগুড়া অফিস হতে জানা যাবে।
- (চ) নগদ অর্থ দরপত্রের সাথে দাখিল করা যাবে না, করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (ছ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সিডিউল গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আশরাফুল মমিন খান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বগুড়া।

ফোন নং- ০২৫৮৯৯০১৮১২।
ই-মেইল : ceo.zpbogra@yahoo.com
তারিখঃ ২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।
০৪ এপ্রিল '২০২২ খ্রিস্টাব্দ।

স্মারক নংঃ ৪৬.০০.১০০০.০০১.৪৭.০০১.২১. ৬৫৭(৫০)

- অনুলিপি সদয় জ্ঞাতার্থে।
- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৪। পুলিশ সুপার, বগুড়া।
- ০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বগুড়া।
- অনুলিপি বহুল প্রচারের নিমিত্ত প্রেরিত হলো।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত অধিদপ্তর, বগুড়া।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট), বগুড়া।
- ০৮। মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট), বগুড়া।
- ০৯। সদস্য, ওয়ার্ড (সংশ্লিষ্ট), জেলা পরিষদ, বগুড়া।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, বগুড়া।
- ১১। সম্পাদক, দৈনিক ~~কর ভাঙ্গা~~ ~~বস্তুর~~ ও দৈনিক ~~হালি~~ ~~বাজার~~। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তি আগামী ~~০৪/২০২২~~ ~~খ্রিঃ~~ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৩ কলামে ৬ ইঞ্চি পরিসরে ০১(এক) দিনের জন্য ছাপানোর পর বিল সমেত ৩ (তিন) কপি প্রেরণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। বিগত বছরের ইজারাদার/ইজারায় অংশগ্রহণকারী খেয়াঘাট/লাট ইজারাদার, বগুড়া।
- ১৩। বিজ্ঞপ্তি জেলা সদরে/সংশ্লিষ্ট উপজেলা সদরে এবং ঘাট এলাকায় মাইকে ব্যাপক প্রচারের কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলায় ডাকবাংলোর দারোয়ান কাম কেয়ার-টেকারকে বলা হলো।
- ১৪। জনাব মোঃ শাহাবুদ্দীন, সীটলিপিকার, জেলা পরিষদ, বগুড়া। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।)
- ১৫। অফিস নোটিশ বোর্ড, জেলা পরিষদ, বগুড়া।

(মোঃ আব্দুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, বগুড়া।
০৪/৪/২২